

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২১৯

অমরপুর, ১৪ ডিসেম্বর, ২০২৩

রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা

অমরপুর কৃষি মহকুমায় বোরো ধান চাষে সহায়তা

রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় অমরপুর কৃষি মহকুমায় বোরো ধান চাষে কৃষকদের সহায়তা দেওয়া হবে। এই যোজনায় কৃষি মহকুমার ৩০০ হেক্টর জমি বোরো ধান চাষের আওতায় আনা হবে। এতে কৃষি মহকুমার ১,৫০০ জন কৃষক উপকৃত হবেন। তাছাড়াও এই যোজনায় কৃষি মহকুমার ৬ জন কৃষককে ভর্তুকিতে পাম্প সেট দেওয়া হবে। অমরপুর কৃষি মহকুমা কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।
